



বাংলাদেশ কৃষি ব্যাংক
লোকাল প্রিন্সিপাল অফিস
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

ফোন ৯৫৫০৩২৫, ৯৫৫২৯৯৬,
৯৫৫১০৬৭
ফ্যাক্স ৯৫৫৬৯০৩

নং বিকেবি/এলপিও/হিসাব- ১(৫৬)/২০১৯-২০২০/১৩৭৯

তারিখঃ ০১-১২-২০১৯ ইং

উপ-মহাব্যবস্থাপক
কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-১)
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয় : বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং হিসাব সমন্বয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি অত্র কার্যালয়ের পত্র নং ৬৬৫ ও ৬৬৬, তারিখ-১২/০৯/২০১৯ এর প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগের পত্র নং ০৪(১২০০), তারিখ ০৬.০৩.২০১৭ ইং মোতাবেক বিকেবি-বিকাশ মোবাইল ব্যাংকিং এর কার্যক্রম ০৯-০৭-২০১৭ ইং তারিখ হতে স্থগিত করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক তাদের ৩০-০৬-২০১৮ ইং তারিখ ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনে বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং হিসাব খাত ১১১২ এ ক্রেডিট স্থিতি ৫৪৩.৮১ লক্ষ টাকা এবং ১৩১৮ হিসাব খাতে ডেবিট স্থিতি ৭৫.১৫ লক্ষ টাকা অসম্মিত থাকার কারণে আপত্তি উত্থাপন করে। উক্ত অসম্মিত এন্ট্রিগুলো নিষ্পত্তির জন্য অত্র কার্যালয় হতে আপনাদের বরাবর এবং হিসাব সমন্বয় বিভাগে পত্র দেয়া হয় (পত্র নং-২০৫৮, তারিখ- ৩০-০১-২০১৯ এবং পত্র নং-২৪৭৩ (৩), তারিখ- ১১-০৩-২০১৯)। গত ১৪-০৫-২০১৯ ইং তারিখে প্রধান কার্যালয়ের হিসাব সমন্বয় বিভাগ এতদসংক্রান্ত একটি সমন্বয় প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরন করে। উক্ত সমন্বয় প্রতিবেদনে কিছু অসংগতি থাকায় তাদের সাথে যোগাযোগ করা হলে তারা সর্বশেষ ২৮/০৮/২০১৯ ইং তারিখে সংশোধনী সহ একটি চূড়ান্ত প্রতিবেদন ও সারসংক্ষেপ প্রেরন করে। উক্ত প্রতিবেদন মোতাবেক প্রাথমিক ভাবে হিসাবায়নের পর বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং সংক্রান্ত হিসাবসমূহে নিম্নরূপ স্থিতি বিদ্যমান আছে-

হিসাব	৩০.০৬.২০১৯ ইং তারিখ স্থিতি	০৫.০৯.২০১৯ তারিখ স্থিতি	মন্তব্য
১১১২	১১,৫৪,১২,৭৭৯.৭০ টাকা ক্রেডিট স্থিতি	১১,৪২,৩৩,৭০৯.৭০ টাকা ক্রেডিট স্থিতি	সম্মিত
১৩১৮	১,৬১,৪৩০.৯৪ টাকা ক্রেডিট স্থিতি	শূন্য	সম্মিত

০৩। হিসাব সমন্বয় বিভাগের উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী,

বিকেবির সংশ্লিষ্ট অঞ্চল মিলে এলপিওতে পাঠাবে = ১৪,৭৪,১০,৩৮৭.৩০ টাকা (অঞ্চল ভিত্তিক শাখা সীটে সংযুক্ত)
এলপিওতে ১১১২ হিসাব খাতে আছে (+) = ১১,৪২,৩৩,৭০৯.৭০ টাকা
এলপিও-র ১১১২ হিসাব খাতে মোট হবে = ২৬,১৬,৪৪,০৯৭.০০ টাকা (অঞ্চল ভিত্তিক শাখা সীটে সংযুক্ত)
এলপিও কর্তৃক সংশ্লিষ্ট অঞ্চলে পাঠাতে হবে(-) = ২৬,১৬,৪৪,০৯৭.০০ টাকা।
উক্ত কার্যক্রম শেষে স্থিতি হবে = শূন্য (সমন্বয়কৃত)

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট শাখা সমূহকে উক্ত হিসাবের স্থিতি মিলিয়ে রাখার জন্য এবং কোন গড়মিল পরিলক্ষিত হলে হিসাব সমন্বয় বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে।


০৪। উপরোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে ১১১২-বিকেবি সাধারণ হিসাব (ডিবিবিএল মোবাইল ব্যাংকিং) এর স্থিতি বিকেবির সংশ্লিষ্ট শাখা তথা সংশ্লিষ্ট অঞ্চল হতে কোন হিসাব খাতের মাধ্যমে এলপিওতে স্থানান্তর হবে এবং এলপিও কর্তৃক সংশ্লিষ্ট শাখায় তথা অঞ্চলে কোন খাত ব্যবহার করে স্থিতি পাঠিয়ে তা শূন্য করা হবে তার সুস্পষ্ট দিক নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি কে.হি.বি-১ হতে কোন সুস্পষ্ট দিক নির্দেশনা জারি হয়নি। ইতোমধ্যে উপরোক্ত পত্র প্রাপ্তির পর বিভিন্ন শাখা সমূহ এখনো কোনো সিদ্ধান্ত না পাওয়ায় উক্ত হিসাব নিষ্পত্তির জন্য আমাদের সাথে যোগাযোগ অব্যাহত রেখেছে।

চলমান পাতা-০২

০৫। এমতাবস্থায়, ডিবিবিএল হিসাবটি সমন্বয়/শূন্য করার নিমিত্তে সুনির্দিষ্ট দিক নির্দেশনা জারি করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,


(মোঃ শাহ আলম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :


০১। উপ-মহাব্যবস্থাপক, হিসাব সমন্বয় বিভাগ, বিকেবি, প্রকা ঢাকা।

০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। সকল আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, সকল আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়।

০৪। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। উপরোক্ত পত্রে উল্লেখিত স্থিতির সাথে আপনাদের শাখায় রক্ষিত ডিবিবিএল স্থিতি মিলিয়ে রাখার জন্য এবং প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এর নিকট হতে সুনির্দিষ্ট দিক নির্দেশনা পাওয়ার পর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া কোনো শাখার স্থিতিতে কোন গড়মিল পরিলক্ষিত হলে প্রধান কার্যালয়ের হিসাব সমন্বয় বিভাগের সাথে যোগাযোগ করার জন্যও অনুরোধ করা হলো।

(ফেরদৌসী রহমান)


০৩:১২:৩৭
মুখ্য কর্মকর্তা